

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৯০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. দ্বিতীয় অনুচ্ছেদ - সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সালাত

আরবী

عَن سَمُرَة بن جُنْدُب قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي كُسُوفٍ لَا نَسْمَعُ لَهُ صَوْتًا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهُ

বাংলা

১৪৯০-[১১] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্যগ্রহণের সময় আমাদেরকে নিয়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন। আমরা তাঁর আওয়াজ শুনতে পাইনি। (তিরমিয়ী, আবু দাউদ, নাসায়ী ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১১৮৪, আত্ তিরমিয়ী ৫৬২, নাসায়ী ১৪৯৫, আহমাদ ২০১৭৮, শারহু মা'আনির আসার ১৯৫৬, ইবনু হিব্বান ২৮৫১, মুসতাদরাক লিল হাকিম ১২৪২, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৩৪২। কারণ এর সানাদে সা'লাবাহ্ বিন 'ইবাদ আল 'আবদী একজন মাজহূল রাবী যেমনটি ইমাম যাহাবী (রহঃ) বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস প্রমাণ করে যে, ইমাম সূর্যগ্রহণের সালাত (সালাত/নামায/নামাজ) সশব্দে পড়বে না। সিনদী বলেন, সম্ভবত সামুরাহ্ পিছনের কাতারে ছিলেন বলে শুনতে পাননি তিনি সেটিই বর্ণনা করেছেন আর তার না শোনা প্রমাণ করে না যে, তিনি সশব্দে পড়েননি। সঠিক হল সশব্দে পড়া যা 'আয়িশাহ্ (রাঃ)-এর হাদীস ইতিপূর্বে গেছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন